বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, কুমিল্লা
www.bgdcl.gov.bd

নম্বর: ২৮.১১.০০০০.০০০.৪৪১.৯৯.০০৩৯.২৬.৬০

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ-১৩০৩

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল)-এর **কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার ও অন্যান্য তথ্যপ্রযুক্তি সরঞ্জাম, যানবাহন ও যন্ত্রাংশ, কারিগরি মালামাল ও ভারী যন্ত্রাংশ, আসবাবপত্র ও অফিস সরঞ্জাম, অন্যান্য মালামাল (যদি থাকে) ইত্যাদি** স্থায়ী কনডেমনেশন কমিটি কর্তৃক কনডেম/নিলাম/স্ক্র্যাপযোগ্য ঘোষণা করা হলে তা যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক নিলাম করার প্রয়োজনীয়তা রয়েছে।

এ পরিপ্রেক্ষিতে, কোম্পানির স্থায়ী কনডেমনেশন কমিটি কর্তৃক ঘোষিত উল্লিখিত অকেজো/বাতিল/স্ক্র্যাপকৃত মালামাল নিলামের জন্য নিম্নবর্ণিত পদধারী কর্মকর্তাদের সমন্বয়ে একটি **স্থায়ী নিলাম কমিটি** গঠন করা হলো:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক নম্বর	কর্মকর্তার পদবী ও কর্মস্থল	কমিটিতে অবস্থান
১।	মহাব্যবস্থাপক (প্রশাসন) প্রশাসন ডিভিশন, বিজিডিসিএল, কুমিল্লা	আহবায়ক
২।	উপ-মহাব্যবস্থাপক (সেফটি এন্ড সিকিউরিটি) সেফটি এন্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৩।	উপমহাব্যবস্থাপক (পিএলসিসি) পিএলসিসি ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৪।	উপমহাব্যবস্থাপক (হিসাব/নিরীক্ষা) হিসাব/নিরীক্ষা ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৫।	উপমহাব্যবস্থাপক (ভান্ডার) ভান্ডার ডিপার্টমেন্ট , বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৬।	**মালামালের ধরন/ক্যাটাগরী অনুযায়ী সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপক বা তার প্রতিনিধি যেমন-আইটি/ মেইন্টেন্যান্স/কমন সার্ভিস এন্ড প্রটোকল/ইএস-কুমিল্লা কমিটির সদস্য-সচিব হিসেবে সাচিবিক দায়িত্ব পালন করবেন।**	**সদস্য-সচিব (ক্যাটাগরীভিত্তিক)**
৭।	ব্যবস্থাপক/উপব্যবস্থাপক (ট্রান্সপোর্ট) কমন সার্ভিস এন্ড প্রটোকল ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য

২। কমিটির বিবেচ্য বিষয় ও করণীয় (TOR):

ক) কমিটি কোম্পানির স্থায়ী কনডেমনেশন কমিটি কর্তৃক ঘোষিত উপরোল্লিখিত অকেজো/বাতিল/স্ক্র্যাপকৃত সংশ্লিষ্ট মালামালের তালিকা এ কমিটির সদস্য-সচিবের (বর্ণিত ক্যাটাগরী অনুযায়ী) মাধ্যমে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট হতে সংগ্রহ করবে;

খ) কমিটি তালিকাভুক্ত মালামাল যাচাই-বাছাইপূর্বক এর প্রাক্কলিত মূল্য নির্ধারণ করবে এবং তদনুযায়ী সুপারিশ/ব্যবস্থা গ্রহণ করবে;

গ) কমিটি অকেজো/বাতিল/স্ক্র্যাপ ঘোষিত তালিকা পাওয়ার পর তা যথানিয়মে সংশ্লিষ্ট নীতিমালা (যদি থাকে) ও প্রচলিত বিধি-বিধান অনুসরণে নিলামের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

ঘ) কমিটি প্রয়োজনে উপর্যুক্ত কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য বিষয়েও মতামত ও সুপারিশ প্রদান করবে; এবং

ঙ) কমিটি প্রাপ্ত দরপত্রসমূহ যথানিয়মে উন্মোচনপূর্বক যাচাই-বাছাই ও মূল্যায়ন করতঃ ১০(দশ) কার্যদিবসের মধ্যে সুপারিশ সংবলিত প্রতিবেদন **'ব্যবস্থাপনা পরিচালক'** মহোদয়ের নিকট দাখিল করবে।

৩। কমিটির চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট তথ্য প্রদানে সার্বিক সহযোগিতা প্রদান করবে।

৪। এ আদেশ বলে এ সংক্রান্ত পূর্বের সকল অফিস আদেশ বাতিল বলে গণ্য হবে।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১২-১০-২০২৬
নাহিদ বানী ইসলাম
মহাব্যবস্থাপক (প্রশাসন)

নম্বর: ২৮.১১.০০০০.০০০.৪৪১.৯৯.০০৩৯.২৬.৬০/১ (১২)

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
২। সকল মহাব্যবস্থাপক/সচিব, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।।
৩। মহাব্যবস্থাপক, প্রশাসন ডিভিশন, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।।
৫। উপ-মহাব্যবস্থাপক, নিরীক্ষা ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৬। উপ-মহাব্যবস্থাপক, হিসাব ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৭। উপ-মহাব্যবস্থাপক, ভাণ্ডার ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৮। উপ-মহাব্যবস্থাপক, পিএলসিসি ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৯। উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), সেফটি এন্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
১০। ব্যবস্থাপক (চলতি দায়িত্ব), ট্রান্সপোর্ট শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
১১। সকল স্থাপনা প্রধান/ইনচার্জ.....।
১২। অফিস কপি।।

১২-১০-২০২৬
আপ্তাব উদ্দিন
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)